নম্বর 202.13

<u>নির্বাহী আদেশ</u>

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

উপরন্তু এখনই, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গর্ভনর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনুচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 28 এপ্রিল 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত করছি:

- মানসিক স্বাস্থ্যবিধি আইনের (Mental Hygiene Law) ধারা 16.03 ও 16.05 এবং নিউ ইয়র্কের নিয়ম, নীতি এবং প্রবিধানের (New York Codes, Rules and Regulations, NYCRR) এর শিরোনাম 14-র অংশ 619 যাতে এগুলো নির্দিষ্ট পরিষেবার বিধানকে প্রত্যয়িত বিন্যাসের মধ্যে সীমিত করে, এই শর্তে যে এই ধরনের বিন্যাস ব্যবহারের জন্য উন্নয়ন প্রতিবন্ধী ব্যক্তিদের কার্যালয় (Office for People With Developmental Disabilities, OPWDD) কমিশনারের অনুমোদন প্রয়োজন হয়;

- মানসিক স্বাস্থ্যবিধি আইনের (Mental Hygiene law) সেক্সন 16.33, 16.34, 31.35 এবং 19.20; সামাজিক পরিষেবা আইনের (Social Services law) সেক্সন 378-a, 424-a এবং 495; NYCRR এর শিরোনাম 14 এর সেক্সন 550, 633.5, 633.24 এবং 805; NYCRR এর 18 শিরোনামের অনুচ্ছেদ 3, সেক্সন 442.18, 447.2, 448.3, 449.4, 450.9, 451.6; এবং NYCRR এর 9 শিরোনামের সেক্সন 166-1.2, 180-1.5, 180-3.4, 182-1.5, 182-1.9, 182-1.11, 182-2.5, 182-2.9 এবং 6051.1, OPWDD বা OPWDD এর অনুমোদিত প্রদানকারীদের বর্তমান কর্মচারি, যাদের OCFS লাইসেন্সপ্রাপ্ত বা শংসাপ্রাপ্ত কর্মসূচি, OASAS শংসাপ্রাপ্ত, অর্থ সরবরাহ করা বা অনুমোদিত কর্মসূচি, OMH বা OMH লাইসেন্সপ্রাপ্ত, অর্থ সরবরাহ করা বা অনুমোদিত কর্মসূচি যাদের একটি আলাদা OPWDD অনুমোদিত প্রদানকারী এবং/অথবা OCFS লাইসেন্সপ্রাপ্ত বা শংসাপ্রাপ্ত কর্মসূচি এবং/অথবা OASAS লাইসেন্সপ্রাপ্ত বা শংসাপ্রাপ্ত কর্মসূচি এবং/অথবা OMH আগে এই ধরনের ব্যাকগ্রাউন্ড পরীক্ষা করা হয়েছে বা যাদের লাইসেন্সপ্রাপ্ত বা শংসাপ্রাপ্ত কর্মসূচিতে নতুন ব্যাকগ্রাউন্ড পরীক্ষা না করে নিয়োগ করা হয়েছে, তাদের অনুমোদনের প্রয়োজনীয় পরিসরে। এই বিধানগুলি ইতিমধ্যে যোগ্যতাপ্রাপ্ত ব্যক্তিবর্গ এবং একটি আপডেট করা ব্যাকগ্রাউন্ড পরীক্ষা সম্পূর্ণ করা তত্বাবধান বহির্ভূত ভাবে কাজ করার জন্য আওতা বহির্ভূত কর্মী তালিকায় না থাকা ইতিমধ্যে যোগতাপ্রাপ্ত

ব্যক্তিবর্গকে অনুমতি দিতে প্রদানকারীদেরকে অনুমোদনের অধিকার দিতে প্রয়োজনীয় পরিসরের ছাড়ও দিয়ে থাকে।

- COVID-19 অতিমারীর ফলস্বরূপ একটি আর্থিক অসচ্ছলতার সম্মুখীন হওয়ার জন্য, বিমা আইনের শর্তাবলী এই ধরনের সেক্সনগুলিতে ব্যবহৃত হয় বলে, সেক্সন 3203 এবং 4510 যে কোনো জীবনবিমা পলিসিহোল্ডার বা ভ্রাতৃত্বপূর্ণ বেনিফিট সোসাইটি সার্টিফিকেট হোল্ডার এর প্রিমিয়াম এবং ফি পেমেন্টের জন্য ছাড়ের সময়কাল 90 দিন পর্যন্ত সম্প্রসারিত করার জন্য পরিমার্জন করা হয়েছে।

- একজন জীবনবিমা পলিসিহোল্ডার বা অ্যানুইটি কন্ট্র্যাক্ট হোল্ডার বা একজন সার্টিফিকেট হোল্ডারকে প্রদান করতে জীবনবিমা আইন সেক্সন 3203, 3219, এবং 3220 পরিমার্জনা করা হয়েছে, যেহেতু সেই শর্তাবলী এই সেক্সনগুলিতে ব্যবহৃত হয়, একটি গ্রুপ পলিসি বা কন্ট্র্যাক্টের মাধ্যমে প্রযোজ্য জীবনবিমা পলিসি বা গ্রুপ পলিসি বা কন্ট্র্যাক্টের অধীনস্থ যে কোনো পলিসিহোল্ডার বা কন্ট্র্যাক্ট হোল্ডার বা সার্টিফিকেট হোল্ডার যারা COVID-19 অতিমারীর কারণে সময়মতো তাদের অধিকার প্রয়োগ করতে বা সুবিধাবলী নিতে পারেননি তাদের জন্য 90 দিনের অধিকার ও সুবিধাবলী প্রদান করতে;

- একজন বিমাকারী বা একটি ক্ষুদ্র ব্যবসাকে বা, একটি গ্রুপ বিমা পলিসির ক্ষেত্রে, বিমা করা সার্টিফিকেট হোল্ডার যারা স্বতন্ত্য ব্যক্তি বা ক্ষুদ্র ব্যবসা, তাদেরকে ইস্যু করা যে কোনো বিমা পলিসি বিমাকারী বাতিল করা, নবীকরণ না করা বা শর্তসাপেক্ষে নবীকরণ করার ক্ষেত্রে, একজন পলিসিহোল্ডার, বা গ্রুপ বিমা পলিসি বা সার্টিফিকেট হোল্ডার যারা COVID-19 অতিমারীর ফলে একটি আর্থিক অসচ্ছলতার সম্মুখীন তাদের ক্ষেত্রে বিমা আইনের সেক্সন 1116 এবং অনুচ্ছেদ 34, 53, 54 এবং 55 এবং কর্মচারিদের ক্ষতিপূরণ আইন এর সেক্সন 54 এবং 226, 60 দিনের স্থগিতাদেশ কার্যকর করার জন্য পরিমার্জন করা হয়েছে। উপরোক্ত ছাড়গুলি বিমা আইনের সেক্সন 1113(a) এর অধ্যায় (16), (17), (20), (21), (24), (26), এবং (30) এ স্থিরীকৃত বিমার ধরনের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। এই নির্বাহী অর্ডারের পরিপ্রেক্ষিতে, একটি ক্ষুদ্র ব্যবসা বলতে স্টেটে অবস্থিত, স্বতন্ত্য মালিকানাধীন বা পরিচালিত, এবং একশত বা তার কম কর্মচারিযুক্ত যে কোনো ব্যবসাকে বোঝাবে।

- প্রিমিয়াম ফিনান্স এজেন্সিগুলির (ব্যাংকিং আইনের অনুচ্ছেদ XII-B তে যেরকম সংজ্ঞায়িত করা হয়েছে) নীতি বাতিলকরণের সাথে সংশ্লিষ্ট নির্বাহী আদেশের বিধানগুলি প্রয়োগ করতে প্রিমিয়াম ফিনান্স এজেন্সিগুলির নিরাপত্তা এবং সাবলীল বিবেচনা সাপেক্ষে ব্যাংকিং আইনের সেক্সন 576 সুপারিন্টেন্ডেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিসকে একটি জরুরি নিয়ন্ত্রণ ঘোষণা করার অধিকার প্রদান করতে পরিমার্জন করা হয়েছে;

- সরকারী আধিকারিকের আইনের সাবডিভিশনগুলির তিন এবং চার এর সেক্সন 42 সেই পরিসরে যে পরিসরে সেটির প্রয়োজন যে একটি শূণ্য পদ পূরণের জন্য কাউকে বেছে নিতে গভর্নরকে একটি আলাদা ইস্তাহার/বিজ্ঞপ্তি জারি করতে হবে।

- শিক্ষা আইনের সেক্সন 414 এর সাবডিভিশন (i) সেই পরিসরে, যেই পরিসরে সেই ধরনের শিশু পরিচর্যা পরিষেবাগুলির ব্যয় পরিশোধ করার জন্য স্কুল ডিস্ট্রিক্টগুলিকে অনুমতি দেওয়ার জন্য প্রয়োজন।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 28 এপ্রিল 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- নিউইয়র্ক ব্যাংকিং আইন ("ব্যাংকিং আইন") অনুযায়ী স্বাক্ষরিত এবং সুপারিন্টেনডেন্টকে দেওয়া, এবং ব্যাংকিং আইন অনুযায়ী যাচাইকরণ বা স্বীকার করা প্রয়োজন সমস্ত ইনস্ট্রুমেন্ট, স্ট্যান্ডার্ড যাচাইকরণ বা স্বীকৃত ভাষা সহ যাচাইকৃত বা স্বীকার করতে হবে এবং স্বাক্ষরিত ইনস্ট্রুমেন্টটির একটি পঠনযোগ্য কপি ফ্যাক্স করে বা বৈদ্যুতিন উপায়ে পাঠাতে হবে।

- ক্যুইন্স এর অফিস অফ দি বরো প্রেসিডেন্টের শূণ্য পদ পূরণ করতে নিউইয়র্ক সিটিতে বিশেষ নির্বাচনটি 23 শে জুন, 2020 তে পুনঃসূচিত করা হয়েছে। 24 শে মার্চ, 2020 বিশেষ নির্বাচনের জন্য ব্যালটে প্রদর্শিত হওয়ার যোগ্য প্রার্থীরাই শুধুমাত্র 23 শে জুন, 2020 এর বিশেষ নির্বাচনে প্রদর্শিত হবেন।

- যে কোনো বিশেষ নির্বাচন যা আগে 28 শে এপ্রিল, 2020 তে হওয়ার কথা ছিল এবং নির্বাহী আদেশ 202.12 অনুযায়ী 23 শে জুন, 2020 তে পুনঃসূচিত হয়েছে, সেগুলিতে শুধুমাত্র সেই ব্যক্তিবর্গের না থাকবে যারা 28 শে এপ্রিল, 2020 এর ব্যালটে প্রদর্শিত হওয়ার যোগ্যতা লাভ করেছিলেন।

- 31 শে মার্চ, 2020 থেকে শুরু করে যে কোনো কার্যালয়ের জন্য নির্বাচন আইন, শিক্ষা আইন বা অন্য কোনো একত্রিত আইন অনুযায়ী বা অন্য কোনোভাবে প্রচার বা ফাইল করা জ্ঞাপন, ফাইলিং এবং নির্দীষ্ট আবেদন, বা স্বতন্ত্র্য মনোনয়নের আবেদন এতদ্বারা স্থগিত করা হল।

- 2020 সালের এপ্রিল বা মে মাসে হওয়ার জন্য সূচিত যে কোনো স্কুল বোর্ড, লাইব্রেরী বোর্ড, বা গ্রামের নির্বাচন, এবং সেই নির্বাচনগুলির সময়, অবস্থান বা উপায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এতদ্বারা অন্তত 1 লা জুন, 2020 পর্যন্ত স্থগিত করা হল।

- নিউইয়র্ক স্টেট দ্বারা নিযুক্ত যে কোনো কর্মী, যদি, তাদের এজেন্সি দ্বারা অপরিহার্য্য হিসেবে বিবেচিত না হন, তাহলে তিনি বাড়ি থেকে কাজ করবেন অথবা 16 ই এপ্রিল, 2020 পর্যন্ত বাড়িতে থাকবেন এবং তাদের বেতন কাটা যাবে না।

- নির্বাহী আদেশ 202.6 এটি স্পষ্ট করার জন্য এতদ্বারা পরিমার্জিত হয়েছে, যে নির্মাণকাজ ব্যক্তির সশরীরে কাজের নিষেধাজ্ঞা সাপেক্ষ একটি অপরিহার্য্য পরিষেবা ছিল না সেটি 28 শে মার্চ, 2020 পর্যন্ত শুধুমাত্র **নির্দীষ্ট** কিছু নির্মাণকাজের ক্ষেত্রে সশরীরে কাজের নিষেধাজ্ঞা থেকে ছাড়প্রাপ্ত হিসেবে বিবেচিত হবে। উপরন্তু, 27 শে মার্চ, 2020, বা তার পর থেকে কোন নির্মাণ প্রকল্প অপরিহার্য্য হবে এবং সেইজন্য সশরীরে কাজ করার কর্মীবলের নিষেধাজ্ঞা, যা নির্বাহী আদেশ 202.6 এবং পরবর্তী নির্বাহী আদেশ যা কর্মীবলের আবশ্যিকতা আরো হ্রাস করবে থেকে তাতে আছে, তার থেকে ছাড় পাবে তা নির্ধারণ করতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশনকে (Empire State Development Corporation) এতদ্বারা অধিকার প্রদান করা হচ্ছে। সমস্ত চলতে থাকা প্রকল্পগুলি COVID-19 এর সংক্রমণ এড়িয়ে চলার জন্য সর্বোত্তম চর্চাগুলি অনুসরণ করবে।

- নির্বাহী আদেশ 202.3, 202.4, 202.5, 202.6, 202.7, 202.8, 202.10, 202.11 এর কারনে যা সরকারী বা বেসরকারী ব্যবসা বা সরকারী বন্দোবস্তের সাথনগুলি বন্ধ বা অন্য কোনো ভাবে সীমাবদ্ধ করেছে, সেই সকল নির্বাহী আদেশ অব্যাহত থাকবে, যদি না সেই নির্বাহী আদেশগুলির মেয়াদ শেষের তারিখ শ্রেণীবদ্ধ করা হয়, এমন যাতে সমস্ত ব্যক্তি সমৃদ্ধ ব্যবসার সীমাবদ্ধতা 15 ই এপ্রিল, 2020 রাত 11:59 পর্যন্ত কার্যকর থাকবে, যদি না পরবর্তী নির্বাহী আদেশে পরে সেগুলির সময়সীমা বাড়ানো না হয়।

- নির্বাহী আদেশ 202.12 এর নির্দেশিকা অনুযায়ী একজন সন্তান প্রসবকারী রোগীর জন্য যে একজন সহায়ক ব্যক্তির প্রয়োজন ছিল তা পরিমার্জন করে গর্ভাবস্থা, সন্তান প্রসব এবং সেইসাথে সন্তান প্রসবের পরবর্তী কার্যকলাপগুলি পর্যন্ত করা হয়েছে।

স্বহস্তে এবং ব্যক্তিগত শীলমোহর দ্বারা স্টেটের

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

মার্চের ঊনত্রিশ তম দিনে প্রদত্ত।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব